

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি কলেজ-৪ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০১৯.১৮.১৭৮৮

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৬  
০৫ ডিসেম্বর ২০১৯

প্রজ্ঞাপন

বি.সি.এস.(সোধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের নামের পার্শ্বে উল্লিখিত দেশে বর্ণিত সময়ের জন্য নিম্নোক্ত শর্তে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরক্রমে বিদেশ ভ্রমণের অনুমতি প্রদান করা হলো:


ক্রমিক	নাম, পদবী ও বর্তমান কর্মস্থল	দেশের নাম	ভ্রমণের উদ্দেশ্য ও সময়	ছুটির ধরণ
০১	জনাব এম. আব্দুর রহিম (৬৬৫৩) সহযোগী অধ্যাপক (দর্শন) নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল।	সৌদি আরব	দর্শনীয় স্থান পরিদর্শনের উদ্দেশ্যে ১৬-১২-২০১৯ তারিখ হতে ৩১-১২-২০১৯ তারিখ পর্যন্ত ১৬ (ষোল) দিন অবকাশ কালীন ছুটি এবং ০১-০১-২০২০ তারিখ হতে ০৭-০১-২০২০ তারিখ পর্যন্ত ০৭ (সাত) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটিসহ মোট ২৩ (তেইশ) দিন।	অবকাশ কালীন ছুটি এবং অর্ধগড় বেতনে অর্জিত ছুটি।
০২	ড. এ. কে. এম মাসুদুল হক (১৭০৪৩) সহযোগী অধ্যাপক (দর্শন) দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর।	ভারত	ঐতিহাসিক স্থান পরিদর্শনের উদ্দেশ্যে ২৭-১২-২০১৯ তারিখ হতে ২০-০১-২০২০ তারিখ পর্যন্ত ২৫ (পাঁচিশ) দিন অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ২৫ (পাঁচিশ) দিন।	অর্ধগড় বেতনে অর্জিত ছুটি।

শর্তসমূহ:

- অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- দেশে ফিরে কর্তৃপক্ষকে অবহিত করবেন;
- এ ভ্রমণে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- ভ্রমণকালীন দেশীয় মুদ্রায় বেতন ভাতা প্রাপ্য হবেন;
- ভ্রমণ ব্যয় আয়কর বিবরণীতে প্রদর্শন করতে হবে;
- অনুমোদিত ছুটির অতিরিক্ত ছুটি ভোগ অপরিহার্য হলে কর্তৃপক্ষ-কে অবহিত করতে হবে, অন্যথায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- দায়িত্বভার হস্তান্তরের তারিখ ও কর্মস্থলে যোগদানের পরবর্তী তারিখ উল্লেখপূর্বক অধিদপ্তর তথ্য প্রেরণ করবে এবং
- পূর্ণগড়/অর্ধগড় বেতনে অর্জিত ছুটির ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর পরিশিষ্ট-৮ এর ৩৪ অনুচ্ছেদ অনুযায়ী ছুটি অনুমোদনের ৩৫ দিনের মধ্যে ছুটি ভোগ আরম্ভ করতে হবে; অন্যথায় এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

০২. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



৫-১২-২০১৯

মুর্শিদা শারমিন  
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.০৮.০১৯.১৮.১৭৮৮/১(১১)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৬  
০৫ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
- ৪) অধ্যক্ষ.....
- ৫) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ৭) জনাব.....
- ৮) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৯) ইমিগ্রেশন অফিসার, বহির্গমন বিভাগ.....
- ১০) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১১) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....